


# যুগান্তর

## সরকারকে আলটিমেটাম শিক্ষকদের, নইলে ঢাকায় মহাসমাবেশ

প্রকাশ : ১৮ অক্টোবর ২০১৯, ১৯:৫৫ | অনলাইন সংস্করণ

 যুগান্তর রিপোর্ট



ছবি: সংগৃহীত

সহকারি শিক্ষকদের প্রধান শিক্ষক পদে পদোন্নতির জন্য কার্যকর চাকরিকালের ৫০ শতাংশ গণনা করে সম্মিলিত পূর্ণাঙ্গ জ্যেষ্ঠতার তালিকা তৈরিসহ তিন দফা দাবি পূরণের জন্য সরকারকে দুইমাসের আলটিমেটাম দিয়েছেন জাতীয়করণকৃত প্রাথমিক শিক্ষকরা।

আগামী ১৫ ডিসেম্বরের মধ্যে এ দাবি বাস্তবায়ন করা না হলে ২৬ ডিসেম্বর কেন্দ্রীয় শহীদ মিনারে মহাসমাবেশ করে কঠোর কর্মসূচি দেয়া হবে।

এসব শিক্ষকের সংগঠন জাতীয়করণকৃত প্রাথমিক শিক্ষক

মহাজোট গুত্রবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে বিভিন্ন দাবি তুলে ধরার পাশাপাশি ওই আলটিমেটাম দেয়।

এতে বক্তৃতা করেন জোটের আহ্বায়ক আমিনুল ইসলাম চৌধুরী। এ সময় মহাজোটের উপদেষ্টা মুগেন্দ্র মোহন সাহা, আবদুর রহমান বাচ্চু, শেখ আবদুস সালাম প্রমুখ উপস্থিত ছিলেন।

শিক্ষকদের অন্য দু'টি দাবি হচ্ছে প্রধান শিক্ষকদের টাইম ও উচ্চতর স্কেল প্রদান এবং প্রধান শিক্ষকের গেজেট থেকে বাদপড়া শিক্ষকদের গেজেট সংশোধন করে নতুন গেজেট প্রকাশ।

সংবাদ সম্মেলনে শিক্ষক নেতারা বলেন, ‘সরকার এ সময়ের মধ্যে আমাদের দাবি মেনে না নিলে অবস্থান ধর্মঘট, অনশনসহ যা যা করার দরকার আমরা সব করব। আন্দোলনের মাধ্যমে দাবি আদায় করেই আমরা ঘরে ফিরব।’

---

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

---

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।